

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, উক্ত হাদীসের আদৌ কোন ভিত্তি নেই, তার কথা অপনোদনে হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ لَا أَصِل لَهُ أَصِلًا

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّغُولِيُّ \_ كِتَابَةً \_ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بِشْرِ بْنِ وَاقِدٍ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: حَدَّثَنِي ثَابِتٌ عَنْ بْنِ الْحَكَمِ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: حَدَّثَنِي ثَابِتٌ عَنْ أَلْحُسَيْنِ بْنِ وَاقِدٍ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: حَدَّثَنِي ثَابِتٌ عَنْ أَلْحُسَيْنِ بْنِ وَاقِدٍ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: حَدَّثَنِي أَلِي قَالَ: رَجُلٌ فَقَالَ رَجُلٌ أَنْسُ بْنِ مَالِكٍ قَالَ: كُنْتُ جَالِسًا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ مَرَّ رَجُلٌ فَقَالَ رَجُلٌ أَنْسُ بْنِ مَالِكٍ قَالَ: (هَلْ أَعْلَمْتَهُ ذَاكَ)؟ قَالَ: لَا قَالَ: (قُمْ أَعْلَمْتُهُ ذَاكَ)؟ قَالَ: لَا قَالَ: (قُمْ أَعْلِمْهُ) فَقَامَ إِلَيْهِ فَقَالَ: يَا هَذَا وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ قَالَ: أحبَّكُ الَّذِي أَحْبَبْتَنِي لَهُ.

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 570 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৫৭০. আনাস বিন মালিক রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসে ছিলাম। এমন সময় তাঁর পাশ দিয়ে এক ব্যক্তি চলে যান। তখন কওমের এক ব্যক্তি বললেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আমি এই ব্যক্তিকে ভালবাসি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি কি তোমার ভালবাসার কথা তাকে জানিয়েছো?" তিনি বলেন: "জ্বী, না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "দাঁড়াও, তোমার ভাইকে সেটা তুমি জানিয়ে দাও।" অতঃপর তিনি তার কাছে যান এবং বলেন: "হে ওমুক, আল্লাহর কসম, নিশ্চয়ই আমি আপনাকে ভালবাসি।" তখন তিনি বলেন: "তুমি যার জন্য আমাকে ভালবাসো, তিনি তোমাকে ভালবাসুক।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৫০; আবু দাউদ: ৫১২৫; হাকিম: ৪/১৭১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৩১৯; বাগাবী,



শারহুস সুন্নাহ: ৩৪৭২।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান লিগাইরিহী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন